দৈনিক বাংলা

১৮।১০।৮০
৮ ৬



# ঢাকা বোর্ডের এইচ এস সি পরীক্ষার ফল ঘোষণা

(নিজস্ব বার্তা পরিবেশক)

গত জুন, জুলাই ও আগস্ট মাসে নেয়া ঢাকা বোর্ডের ১৯৮০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফলাফল গতকাল ঘোষিত হয়েছে। পাসের হার শতকরা ৫৮'৪০। সম্মিলিত মেধাতালিকায় প্রথম হয়েছেন ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুলের বিজ্ঞান বিভাগের ছাত্র সুলতান আহমদ (ঢাকা ১১৬৪৯) চারটি

(শেষপৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

(১ম পাতার পর)

বিষয়ে লেটারসহ তিনি মোট নম্বর পেয়েছেন ৯১৬।

পরীক্ষায় মোট ৩৫৮৮৮ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিলেন, উত্তীর্ণ হয়েছেন ২০,৯৫৯ জন। এর মধ্যে প্রথম বিভাগে ২,০৩৮ জন, দ্বিতীয় বিভাগে ৬,৯৮২ জন ও তৃতীয় বিভাগে ১১,৯৩৯ জন উত্তীর্ণ হয়েছেন। কলা বিভাগের ১৪,৫৭৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাশ করেছেন ৭৫০৫ জন। পাসের হার শতকরা ৫১'৪৮ জন। ১৪৭ জন প্রথম বিভাগে, ১,৬০২ জন দ্বিতীয় বিভাগে ও ৫,৭৫৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছেন।

বিজ্ঞান বিভাগের পাসের হার হচ্ছে ৬৪,২৫ ভাগ। ১৬,০৪৪জন পরীক্ষার্থীর মধ্যে ১,৮৩১ জন প্রথম বিভাগে, ৪,২৮৯ জন দ্বিতীয় বিভাগে, ৪,১৮৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। মোট পাস করেছে ১০,৩০৮ জন।

বাণিজ্য বিভাগে পরীক্ষার্থী ছিল ৪,৬২১জন। পাস করেছে ২৭৫২জন, পাসের হার৫৯'৫৫ এদের মধ্যে প্রথম বিভাগে ৫১ জন, দ্বিতীয় বিভাগে ৯২৫ জন, তৃতীয় বিভাগে ১,৭৭৬ জন পাস করেছেন। ইসলামী শিক্ষা বিভাগে পরীক্ষায় অংশগ্রহণকারী ৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ছয়জন সকলেই দ্বিতীয় বিভাগে। গার্হস্থ্য অর্থনীতি বিভাগে মোট পাসের হার ৭০'৪৫। ২২০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে। ১৫৫ জন। ছয়জন প্রথম বিভাগে। ৮৫ জন দ্বিতীয় বিভাগে এবং ৬৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

কৃষি বিভাগের ৩৯৯ জনের মধ্যে উত্তীর্ণ হয়েছে ২২০ জন, পাসের হার ৫৫'১৪। প্রথম বিভাগে পাস করেছে তিনজন, ৬৮ জন দ্বিতীয় বিভাগে, ১৪৯ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

সঙ্গীত বিভাগে ১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৭জন দ্বিতীয় বিভাগে, ৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

## সম্মিলিত মেধাতালিকা

সম্মিলিত মেধাতালিকায় (পুরুষ-মহিলা) ৯১৬ নম্বর পেয়ে প্রথম হয়েছে রেসিডেন্সীয়াল মডেল স্কুলের ঢাকা রোল ১১৬৪৯ বিজ্ঞান-সুলতান আহমদ। মোট ৯০৬ নম্বর পেয়ে দ্বিতীয় হয়েছে ঢাকা কলেজের রোল ঢাকা ১০৬৬০ বিজ্ঞান ফরহাদ ফুয়াদ ইসলাম। ৮৯৭ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে দু'জন। রোল ঢাকা ১০৫৩১ বিজ্ঞান ঢাকা কলেজের মুসা নুরুর রহমান এবং রেসিডেন্সীয়াল মডেল স্কুলের রোল ঢাকা ১১৬৫৬ বিজ্ঞান, মোঃ আবুল বাশার। চতুর্থ স্থান অধিকার করেছে মোমেনশাহী ক্যাডেট কলেজের রোল মোমেন ক্যাডেট ৬৫৮৮ বিজ্ঞান, মোহাম্মদ মোহসীন ইকবাল। নম্বর পেয়েছেন ৮৯৬। পঞ্চম হয়েছে রেসিডেন্সীয়াল মডেল স্কুলের ঢাকা ১১৬৫০ বিজ্ঞান—মশিউর রহমান। ষষ্ঠ স্থান অধিকার করেছে দু'জন ঢাকা কলেজের জোয়ারদার কামরুজ্জামান ও হলিক্রস কলেজের মুজিবা সালমা মবিন। সপ্তম হয়েছে রেসিডেন্সীয়াল মডেল স্কুলের প্রশান্ত কুমার ত্রিপুরা। অষ্টম হয়েছে হলিক্রাস কলেজের নাসিমা তোফাজুল। নবম মোমেনশাহী ক্যাডেট কলেজের মোহাম্মদ নুর-ই আলম মোশাররফ হোসেন। দশম ঢাকা কলেজের চৌধুরী শাহীন মাসুদ, একাদশ ঢাকা কলেজের মোঃ রেজা জাকারিয়া, দ্বাদশ ঢাকা কলেজের ওয়াসীম ফারুক, ত্রয়োদশ ঢাকা কলেজের অসিত চন্দ্র সরকার। চতুর্দশ স্থান পেয়েছে দু'জন আলমগীর ফারুক ও নাজমুল আমীন, এরা দু'জনেই ঢাকা কলেজের। পঞ্চদশ স্থান অধিকার করেছে ঢাকা কলেজেরই মোহাম্মদ রেজাউল করিম ও লক্ষণ চন্দ্র কুণ্ডু। ষষ্ঠদশ হয়েছে ঢাকা কলেজের মোঃ মাহমুদুর রহমান। সপ্তদশ স্থান পেয়েছে তিনজন। এরা হলেন রেসিডেন্সীয়াল মডেল স্কুলের জ্ঞানেশ চন্দ্র আচার্য, বেগম বদরুন্নেসা মহিলা কলেজের জেহানজেব এবং হলিক্রস কলেজের সোহেলী আলম। অষ্টাদশ স্থান পেয়েছে হলিক্রস কলেজের রাকিবা রশীদ। উনিশতম স্থান অধিকার করেছেন ঢাকা কলেজের আহমদ কাজেম হিলালী এবং বিশতম স্থান পেয়েছে মোমেনশাহী ক্যাডেট কলেজের মোহাম্মদ মোহসীন হাবীব। সম্মিলিত মেধাতালিকার এই বিশ জনই বিজ্ঞান বিভাগের।